

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন বিমান বন্দর সড়ক
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।

নং-বিআরটিএ/৫এ/০৯১(অংশ-২)/২০১৪- ৪১১৪

তারিখ : ১৭-০৯-২০১৪ খ্রিঃ।


অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, এ অথরিটির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ যথাসময়ে অফিসে আগমন, অফিস সময়ে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে বাহিরে গমন এবং নির্ধারিত সময় পর্যন্ত অফিসে অবস্থানের বিষয়ে প্রায়শঃ শৈথল্য প্রদর্শন করছেন- যা সরকারী কর্মচারীদের জন্য অশোভনীয়, নিয়ম শৃংখলার পরিপন্থী এবং গণকর্মচারী শৃঙ্খলা(নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ ১৯৮২ ও সরকারী কর্মচারি (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

২। বর্ণিত অবস্থায়, এ অথরিটির সকল কর্মকর্তা/কর্মচারীকে এ মর্মে অবহিত করা যাচ্ছে যে, নির্ধারিত সময়ে অর্থাৎ সকাল ৯:০০ টার মধ্যে অবশ্যই অফিসে হাজির হতে হবে এবং সকাল সাড়ে ৯টার মধ্যে হাজিরা খাতায় স্বাক্ষর/প্রতিস্বাক্ষর করতে হবে। নির্ধারিত সময় অতিক্রম না হওয়া পর্যন্ত অফিসে যথানিয়মে অবস্থান করতে হবে। সদর কার্যালয়ে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মচারীগণকে অফিস সময়কালীন বিআরটিএ ঢাকা মেট্রো-১/২/৩ ও ঢাকা জেলা সার্কেল অফিসে অবস্থান করতে দেখা যায়। কোন উপযুক্ত কারণ ব্যতীত বিআরটিএ সদর কার্যালয়সহ অন্য কোন সার্কেলের কোন কর্মকর্তা-কর্মচারীকে বর্ণিত সার্কেলগুলোতে অফিস চলাকালীন উপস্থিতি পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া, অফিস চলাকালীন কর্মকর্তা/ কর্মচারীদের জরুরী কাজে বাহিরে যাওয়ার প্রয়োজন হলে স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমতি গ্রহণ করতে হবে। প্রতিদিন সকাল ৯.৩০ টার মধ্যে সংশ্লিষ্ট শাখা প্রধানগণ হাজিরা খাতা পরীক্ষা করে সংশ্লিষ্ট পরিচালকগণের নিকট দাখিল করবেন।

৩। গাড়ী চালকগণের বিশেষ প্রয়োজনে অফিসের বাহিরে যেতে হলে উপপরিচালক (প্রশাসন) এর অনুমতি গ্রহণ করতে হবে।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ মশিয়ার রহমান)
চেয়ারম্যান
ফোনঃ ৯১৪১২৬৮।

বিতরণঃ

- ১। পরিচালক(প্রশাসন/এনফোর্সমেন্ট/ইঞ্জিঃ/রোড সেফটি/অপারেশন/প্রশিক্ষণ)/সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
- ২। উপ-পরিচালক(প্রশাসন/অর্থ/এনফোর্সমেন্ট/রোড সেফটি/আইন/অডিট ও তদন্ত/ইঞ্জিঃ-১,২,৩/নির্বাহী ম্যাজিস্ট্রেট/এক্সিডেন্ট ডাটা এনালিস্ট/প্রোগ্রামার/মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ, ঢাকা বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ, ঢাকা মেট্রো/১/২/৩/ঢাকা জেলা সার্কেল।
- ৪। সহকারী পরিচালক(প্রশাসন/চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা/সহকারী পরিচালক(ইঞ্জিঃ), (সকল) বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
- ৭। জনাব.....(সকল), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।